

# 🗏 আল-আ'রাফ | Al-A'raf | ٱلْأَعْرَاف

আয়াতঃ ৭: ১১৪

### আরবি মূল আয়াত:

# قَالَ نَعَم وَ إِنَّكُم لَمِنَ المُقَرَّبِينَ ﴿١١٢﴾

#### 🗚 অনুবাদসমূহ:

সে বলল, 'হ্যাঁ, আর অবশ্যই তোমরা আমার ঘনিষ্ঠ লোকদের অন্তর্ভুক্ত হবে।' — আল-বায়ান

সে বলল, হাঁ, তোমরা অবশ্যই (আমার) নৈকট্যলাভকারীদের মধ্যে শামিল হবে। — তাইসিরুল

সে বললঃ হ্যাঁ, তোমরাই হবে আমার দরবারের নিকটতম ব্যক্তি। — মুজিবুর রহমান

He said, "Yes, and, [moreover], you will be among those made near [to me]." — Sahih International

১১৪. সে বলল, 'হ্যাঁ এবং তোমরা অবশ্যই আমার ঘনিষ্ঠদের অন্তর্ভুক্ত হবে।

তাফসীরে জাকারিয়া

## (১১৪) সে বলল, 'হ্যাঁ! এবং তোমরা অবশ্যই আমার সান্নিধ্যপ্রাপ্তদেরও অন্তর্ভুক্ত হবে।' [1]

[1] যাদুকরেরা ছিল যেহেতু দুনিয়ার আকাজ্ঞী; দুনিয়ার জন্যই তারা যাদু শিখেছে। সেই জন্য তারা এই সুযোগকে কাজে লাগাতে চাইল। তারা ভাবল যে, এই সময় আমাদেরকে বাদশাহর প্রয়োজন হয়েছে, অতএব এই সুযোগে অধিক পারিশ্রমিক চেয়ে নেওয়া যাক। সুতরাং তারা নিজেদের সাফল্যের উপর পারিশ্রমিক দাবী করল। যা শুনে ফিরআউন বলল, পারিশ্রমিকই নয়; বরং তোমরা আমার নৈকট্যপ্রাপ্ত বলে গণ্য হবে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=1068

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন